



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২২/০১/২০১৯ খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ টেবিল টেনিস, ব্যাডমিন্টন ও ক্যারম টুর্নামেন্ট ২০১৯ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হয়ে গেল আন্তঃবিভাগ টেবিল টেনিস, ব্যাডমিন্টন ও ক্যারম টুর্নামেন্ট ২০১৯। অদ্য ২২ জানুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৫ ঘটিকায় বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর একাডেমিক ভবন সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের ব্যাডমিন্টন খেলার মাঠে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ও ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তারিকুল হক এর পরিচালনায় অনুষ্ঠিত উদ্বোধনী কার্যক্রমে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিনবন্দ, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্টবন্দ, ২৪ টি বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবন্দ, দপ্তরপ্রধানগণ ও শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালকসহ সংশ্লিষ্ট দপ্তরের অন্যান্যরা। উদ্বোধনী পর্বে সমাজবিজ্ঞান এবং লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের (ছাত্রী) মধ্যে ব্যাডমিন্টন খেলা অনুষ্ঠিত হয়। আন্তঃবিভাগ টুর্নামেন্ট ২০১৯ চলবে ৩০ জানুয়ারি পর্যন্ত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস